

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৫৬০

আগরতলা, ২১ অক্টোবর, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

আজ ২১ অক্টোবর, ২০২৪ তারিখে স্যন্দন পত্রিকায় ‘আমবাসায় ডেঙ্গু দগুর ঘুমে’ শিরোনামে প্রকাশিত সংবাদটি জাতীয় স্বাস্থ্য মিশন ত্রিপুরা এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। জাতীয় স্বাস্থ্য মিশন ত্রিপুরা এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে, প্রকাশিত সংবাদটি সঠিক নয়। গত ১ অক্টোবর, ২০২৪ তারিখ থেকে ২০ অক্টোবর ২০২৪ তারিখ পর্যন্ত আমবাসা এবং ধূমাছড়া এলাকায় তিন জন ডেঙ্গু রোগীকে সনাক্ত করা হয়েছে এবং তাদের প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা করা হয়। প্রতিটি স্বাস্থ্যকেন্দ্রের পক্ষ থেকে ডেঙ্গু প্রতিরোধে বিভিন্ন কর্মসূচি চলছে। ডেঙ্গু শনাক্ত করার ব্যবস্থা প্রত্যেক স্বাস্থ্যকেন্দ্রে রয়েছে। উপরন্তু রাজ্যস্তরের একটি প্রতিনিধিদলও সর্বদা পরিস্থিতির উপর নজর রাখছে।
